ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৭১২

আগরতলা, ১৫ মে,২০২৫

**ধলাই জেলার মঙ্গলবল্লভ পাড়া আই.সি.ডি.এস. সেন্টারে বিশেষ স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত**

ধলাই জেলার মনুঘাট সি.এইচ.সি.-র অধীনস্থ ময়নামা আয়ুষ্মান আরোগ্য মন্দিরের উদ্যোগে গতকাল মঙ্গলবল্লভ পাড়া আই.সি.ডি.এস. সেন্টারে এক বিশেষ স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হয়েছে। এই স্বাস্থ্য শিবিরে আগত রোগীদের স্বাস্থ্য পরীক্ষা করে বিনামূল্যে ওষুধপত্র বিতরণ করা হয়। এছাড়াও স্বাস্থ্য শিবিরে স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধির উপর চিকিৎসকগণ আলোচনা করেন। স্বাস্থ্য শিবিরে মোট ৫৬ জন রোগী চিকিৎসা পরিষেবা গ্রহণ করেন। ধলাই জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

*****